গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড
তথ্য ভবন ( লেভেল-১৩ ও ১৪ )
১১২ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা-১০০০।
www.bfcb.gov.bd

০৯ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ।
নং-১৫.৫৯.০০০০.০০৪.১১.০০১.২২(অংশ-১)-৫০৯(২) তারিখ:-------------------------------
২৪ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

# নিয়োগপত্র

বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের ২৫ জুন ২০২৩ খ্রি. তারিখের ১৫.৫৯.০০০০.০০৫.১১.০০১.২২-২২৭ ও ২৬ মে ২০২৪ খ্রি. তারিখের ১৫.৫৯.০০০০.০০৫.১১.০০১.২২.১৬৭ সংখ্যক স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০২০.২৪-২১৭ নং পরিপত্র অনুসারে বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের রাজস্ব খাতভুক্ত **"সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর"** পদের নিয়োগ পরীক্ষা-২০২৪ এর আওতায় প্রণীত অপেক্ষমাণ তালিকা হতে মেধাক্রম অনুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিকে "চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫" এর টা: ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) বেতনস্কেলে অস্থায়ীভাবে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| ক্র. নং | সুপারিশকৃত রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১ | 12000062 | মোঃ সাইমন মিয়া<br>পিতা-মোঃ আবু বাক্কার<br>মাতা-রোকেয়া বেগম | গ্রামঃ সাদুল্লারচর,বড়ভাগ<br>ডাকঘরঃ ব্রাম্মনকচুরী-২৩০০,<br>কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ | গ্রামঃ সাদুল্লারচর,বড়ভাগ<br>ডাকঘরঃ ব্রাম্মনকচুরী-২৩০০,<br>কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ |

**০২। নিয়োগের শর্তাবলী:**

(ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোনো প্রকার গড়মিল প্রমাণিত হলে অথবা চাকরিতে যোগদানের পর দাখিলকৃত কেনো সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই তাঁর চাকরি অবসান ঘটাতে পারবেন;

(ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র এবং ডোপ টেস্ট রিপোর্ট সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় প্রতিবেদন ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিলের ক্ষমতা রাখেন;

(ঙ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

(চ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দিয়ে নিয়ন্ত্রিত হবে;

(ছ) কোনো সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে তা যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে।

(জ) তাঁকে নিয়োগকারী কর্তৃপক্ষ নির্ধারিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সম্পাদন করা সাপেক্ষে চাকরিতে স্থায়ী করা হবে।

(ঝ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঞ) চাকুরিতে যোগদানেকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না"।

চলমান পাতা-২

(ট) চাকরিতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী। এ ক্ষেত্রে নন-ক্যাডার কর্মকর্তা/কর্মচারি জ্যেষ্ঠতা ও পদোন্নতি বিশেষ বিধান, ২০১১ প্রযোজ্য হবে।

(ঠ) বিধিসংগত কারণে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁকে ১৪ (চৌদ্দ) দিনের নোটিশ প্রদান করে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো সময় চাকরিচ্যুত করতে পারবেন। যদি তিনি স্বেচ্ছায় চাকরি ছেড়ে দিতে ইচ্ছা পোষণ করেন, সেক্ষেত্রে তিনি নিয়োগকারী কর্তৃপক্ষকে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করবেন। অন্যথায় এর জন্য ৩০ (ত্রিশ) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিবেন। তিনি লিখিতভাবে চাকরি ছাড়ার নোটিশ প্রদান করার পর যতদিন পর্যন্ত তাঁর চাকরি ছাড়ার নোটিশ নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত না হয়, ততদিন তিনি চাকরিতে নিয়োজিত থাকবেন।

০৩। উপরিউক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে **আগামী ০৯ ডিসেম্বর ২০২৫ খ্রি.** মঙ্গলবার পূর্বাহ্নে ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, তথ্য ভবন ( লেভেল-১৩ ও ১৪ ), ১১২ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। উল্লেখিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২৪/১১/২৫

(এস এম আব্দুর রহমান)
ভাইস চেয়ারম্যান (চ: দা:)
ফোন: ৮৩০০৬২১।

নং- ১৫.৫৯.০০০০.০০৪.১১.০০১.২২(অংশ-১) তারিখ: ২৪ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (তথ্য ও সম্প্রচার), হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০২. উপপরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, ঢাকা।
০৩. সকল কর্মকর্তা, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, ঢাকা।
০৪. জনাব মোঃ সাইমন মিয়া, পিতা-মোঃ আবু বাক্কার, গ্রামঃ সাদুল্লারচর,বড়ভাগ, ডাকঘরঃ ব্রাম্মনকচুরী-২৩০০, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।
০৫. অফিস কপি/ওয়েবসাইট।

২৪.১১.২৫

(মোঃ মঈনউদ্দীন)
উপপরিচালক
ও
সদস্য-সচিব, বিভাগীয় নিয়োগ/পদোন্নতি প্রদান কমিটি
ফোন: ৮৩০০৬২৩।